গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-৭ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

**স্মারক নম্বর:** ২৬.০০.০০০০.০০০.১০৬.৮৬.০০০২.২৪.১৭৩

তারিখ: ১১ আষাঢ় ১৪৩৩
২৫ জুন ২০২৬


বিষয়: **10th International Fire Safety & Security Expo-IFSSE 2026 শীর্ষক আন্তর্জাতিক বাণিজ্য মেলা/প্রদর্শনী আয়োজনের অনুমতি প্রদান সংক্রান্ত।**

সূত্র: ESSAB এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে Electronics Safety and Security Association of Bangladesh (ESSAB) এর উদ্যোগে ২৬-২৮ নভেম্বর ২০২৬ (তিনদিন) মেয়াদে বাংলাদেশ চায়না ফ্রেন্ডশিপ কনফারেন্স সেন্টার, আগারগাঁও, ঢাকায় 10th International Fire Safety & Security Expo-IFSSE 2026 শীর্ষক আন্তর্জাতিক মেলা/প্রদর্শনী আয়োজনের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো:

| ক্রম | শর্তসমূহ |
| --- | --- |
| ক | প্রতিদিন সন্ধ্যা ৭.০০ টার মধ্যে আবশ্যিকভাবে মেলা বন্ধ করতে হবে; |
| খ | মেলায় কোনরকম আলোকসজ্জা করা যাবেনা; |
| গ | বিদ্যুৎ ও বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহারে সাশ্রয়ী হতে হবে; |
| ঘ | মেলা আয়োজনের অনুমতি প্রদানকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত মেলার সময়সীমা বর্ধিত করা যাবে না; |
| ঙ | মেলার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে আবেদনকারী/আবেদনকারী প্রতিষ্ঠানকে মেলা পরিপত্র, ২০২৪ এর অনুচ্ছেদ ৪-এ উল্লিখিত হারে অতিরিক্ত ফি পরিশোধ করতে হবে; |
| চ | কোন কারণে নির্ধারিত তারিখে মেলা আয়োজন করা সম্ভব না হলে আবেদনকারীকে পুনরায় ফি প্রদান করে আবেদন করতে হবে এবং তা নতুন আবেদন হিসেবে বিবেচিত হবে |
| ছ | কোন স্থানে মেলা আয়োজন করতে গিয়ে উক্ত ভূমির শ্রেণি পরিবর্তন করা যাবে না; |
| জ | আমদানি নিষিদ্ধ বা অবৈধ ভাবে আমদানিকৃত বা অবৈধ পণ্য মেলায় প্রদর্শন ও বিক্রয় করা যাবে না এবং মেলায় প্রদর্শিত পণ্যসামগ্রী মেলা আয়োজনের উদ্দেশ্যের সঙ্গে সংগতিপূর্ণ হতে হবে; |
| ঝ | আমদানি নিষিদ্ধ নয় এমন কোন বিদেশি পণ্য অথবা যন্ত্রপাতি অথবা সরঞ্জাম মেলায় প্রদর্শন অথবা বিক্রয়ের প্রয়োজন হলে উক্ত বিদেশি পণ্য অথবা যন্ত্রপাতি অথবা সরঞ্জাম বিদ্যমান 'আমদানি নীতি আদেশ' অনুসরণ করে আমদানি করতে হবে; |
| ঞ | মেলায় অশালীন, অসামাজিক ও অবৈধ কার্যক্রম পরিচালিত হতে পারবে না; |
| ট | জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন কোন কার্যক্রম বা বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সামাজিক রীতিনীতি পরিপন্থি কোন কিছু প্রদর্শন বা প্রচার করা যাবে না; |
| ঠ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুমতি ব্যতীত কোন বিদেশী শিল্পী/মডেল/সেলিব্রেটি মেলায় অংশগ্রহণ করতে পারবে না; |
| ড | স্থানীয় প্রশাসন এবং আইন-শৃঙ্খলা বাহিনীকে অবগত রেখে মেলা পরিচালনা করতে হবে এবং মেলার আয়োজক কর্তৃক নিজ উদ্যোগে মেলার আইন-শৃঙ্খলা রক্ষা করতে হবে; |
| ঢ | প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি পরিপালন করতে হবে; |
| ণ | অনুমতি প্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠানকে মেলা আয়োজনে সংশ্লিষ্ট করার ক্ষেত্রে এ মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করতে হবে; |
| ত | দেশীয় পণ্য বা দেশীয় পণ্য উৎপাদনে নিয়োজিত কোম্পানি অথবা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্থ হবে মর্মে প্রতীয়মান হলে মেলা অনুমোদনকারী কর্তৃপক্ষ মেলার অনুমতি না দেয়া এবং অনুমোদিত যে কোন মেলার অনুমতি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে; এবং |
| থ | শর্ত (ত) ব্যতীত উল্লিখিত শর্তাবলী লঙ্ঘন করলে মেলা অনুমোদনকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত মেলা আয়োজনের অনুমতি বাতিল করতে পারবে। |

২. অনুমোদিত প্রদর্শনী আয়োজনে আইনানুগ সহযোগিতা প্রদান করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।



২৫-০৬-২০২৬
মোঃ সাজেবুর রহমান
উপসচিব
ফোন : +৮৮ ০২ ৯১৪৫২০০
ফ্যাক্স : +৮৮ ০২ ৯৫৪০২১৩
ইমেইল : export7@mincom.gov.bd


Sqn. Ldr. M Didarul Islam (Retd.), President
Electronics Safety and Security Association of Bangladesh (ESSAB)।

**স্মারক নম্বর:** ২৬.০০.০০০০.০০০.১০৬.৮৬.০০০২.২৪.১৭৩/১ (১০)

তারিখ: ১১ আষাঢ় ১৪৩৩
২৫ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড।
২। সচিব , সচিবের দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৩। প্রশাসক, এফবিসিসিআই, ৬০, মতিঝিল, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, রপ্তানি অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়।
৫। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৬। প্রধান নিয়ন্ত্রক, প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
৭। যুগ্মসচিব, রপ্তানি-২ অধিশাখা, বাণিজ্য মন্ত্রণালয়।
৮। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়।
১০। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়।



২৫-০৬-২০২৬
মোঃ সাজেবুর রহমান
উপসচিব